

প্রাণবায়ুর অভাব মেটাতে অক্সিজেন পার্লামেন্টের উদ্বোধন

গঙ্গারামপুর, ৪ জুন : গঙ্গারামপুর পুরসভার সহযোগিতায় এবং এক শিক্ষক সংগঠন ও একটি স্বৈচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে শুক্রবার দক্ষিণ দিনাজপুর জেলায় প্রথম অক্সিজেন পার্লামেন্টের উদ্বোধন হল। এদিন গঙ্গারামপুর পুরসভা পরিচালিত স্বাস্থ্যকেন্দ্রে এই অক্সিজেন পার্লামেন্টের উদ্বোধন করেন পুর প্রশাসক প্রশান্ত মিত্র। উপস্থিত ছিলেন ডেপুটি ম্যাজিস্ট্রেট মনোতোষ মণ্ডল, জয়েন্ট বিডিও অর্ক মান্ডি, গঙ্গারামপুর থানার আইসি পূর্ণেন্দুকুমার কুণ্ডু, অ্যাডভাল্ড সোসাইটি ফর হেডমাস্টার অ্যান্ড হেড মিস্ট্রেস সংগঠনের জেলা সভাপতি ব্রণধীর বন্দ্যোপাধ্যায়, সম্পাদক মৃগাল সরকার, শিক্ষক দিব্যেন্দু সরকার, সুদীপ্ত সিংহরায় প্রমুখ।

দেশ, রাজ্যের সঙ্গে করোনা সংক্রমণের দ্বিতীয় ঢেউ আছড়ে পড়েছে দক্ষিণ দিনাজপুর জেলাতেও। জনজীবন বিপর্যস্ত। মাত্রাতিরিক্ত সংক্রমণের জেরে গঙ্গারামপুর শহরেও অক্সিজেনের চাহিদা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। বিশেষত গঙ্গারামপুর সুপারস্পেশালিটি হাসপাতালে অক্সিজেন প্র্যান্ট না থাকায় অক্সিজেনের সমস্যা প্রকট হয়ে উঠছে। এই অবস্থায় অ্যাডভাল্ড সোসাইটি ফর হেডমাস্টার অ্যান্ড হেড মিস্ট্রেস শিক্ষক সংগঠন ও মুক্তি নামে একটি স্বৈচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে এবং গঙ্গারামপুর পুরসভার সহযোগিতায় জেলায় এই

প্রথম অক্সিজেন পার্লামেন্টের সূচনা হল।

এই পার্লামেন্ট থেকে প্রাথমিকভাবে একটি অক্সিজেন কনসেন্ট্রেটর দিয়ে করোনা সংক্রামিতদের ২৪ ঘণ্টা অক্সিজেন পরিষেবা দেওয়া হবে। আগামীদিনে আরও একটি অক্সিজেন কনসেন্ট্রেটর আনা হবে বলে জানিয়েছেন উদ্যোক্তারা।

পুর প্রশাসক প্রশান্ত মিত্র জানান, 'করোনা আবহে এটি অত্যন্ত প্রয়োজনীয় পদক্ষেপ। জেলার প্রধান শিক্ষকদের সংগঠন ও একটি

গঙ্গারামপুর

স্বৈচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে এবং গঙ্গারামপুর পুরসভার সহযোগিতায় পুরসভার হেলথ সেন্টারে এই পরিষেবার সূচনা করা হল। আশা করছি, এর ফলে করোনা সংক্রামিতরা উপকৃত হবেন। আগামীদিনে বাড়ি বাড়ি এই অক্সিজেন পরিষেবা পৌঁছে দেওয়ার জন্য পুরসভার তরফে একটি অ্যান্ডাল্যান্ডের ব্যবস্থা করা হবে। পুর এলাকার পাশাপাশি গঙ্গারামপুর মহকুমাজুড়ে যাতে এই পরিষেবা প্রদান করা যায় তার জন্য সবরকম চেষ্টা করা হবে। ডেপুটি ম্যাজিস্ট্রেট মনোতোষ মণ্ডল বলেন, 'এই মুহূর্তে করোনা সংক্রামিতদের মধ্যে অক্সিজেনের চাহিদা ক্রমশ বাড়ছে। সেই সময় এই অক্সিজেন পার্লামেন্টের মাধ্যমে

খুব দ্রুত সংক্রামিতদের কাছে অক্সিজেন পৌঁছে যাবে। এতে বহু মূর্খু সংক্রামিত উপকৃত হবেন। এই অক্সিজেন পরিষেবা জীবনদায়ী ওয়ুথের কাজ করবে।'

গঙ্গারামপুর থানার আইসি পূর্ণেন্দুকুমার কুণ্ডু জানিয়েছেন, শিক্ষক সংগঠনের এই উদ্যোগ সত্যিই খুব ভালো। স্বৈচ্ছাসেবী সংস্থাটিকেও ধন্যবাদ জানাতে হবে। এই পরিষেবা সচল রাখতে আগামীদিনে গঙ্গারামপুর থানার পক্ষে চাহিদা ও প্রয়োজন অনুযায়ী গাড়ির ব্যবস্থা করা হবে। তাতে বহু মানুষ উপকৃত হবেন।

অ্যাডভাল্ড সোসাইটি ফর হেডমাস্টার অ্যান্ড হেড মিস্ট্রেস সংগঠনের সভাপতি ব্রণধীর বন্দ্যোপাধ্যায় জানান, 'প্রধান শিক্ষকদের রাজ্য কমিটির তরফে এই পরিষেবা প্রথমে দক্ষিণবঙ্গে শুরু করা হয়। তারপর আমরাও এই পরিষেবা চালু করার জন্য আবেদন জানাই। সেইমতো আমাদের একটি অক্সিজেন কনসেন্ট্রেটর দেওয়া হয়। আগামীদিনে আরও একটি কনসেন্ট্রেটর পাঠানো হবে বলে জানানো হয়েছে। আপাতত পুরসভার সহযোগিতায় পুর এলাকার করোনা সংক্রামিতদের এই অক্সিজেন পরিষেবা দেওয়া হবে। সামাজিক দায়বদ্ধতা থেকেই আমরা এই উদ্যোগ নিয়েছি। আশা করছি, আমাদের এই উদ্যোগে বহু সংক্রামিত উপকৃত হবেন।'



গঙ্গারামপুরে অক্সিজেন পার্লামেন্টের উদ্বোধনের ছবিটি তুলেছেন চয়ন হোড়া।